



২১ জুলাই ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

অবশেষে মিন্নির পক্ষে ব্লাস্ট এবং আইন ও সালিশ কেন্দ্রের আইনজীবীরা

আইনজীবী এডভোকেট মাহবুবুল বারী আসলাম, বরগুনা জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক এবং সদস্য সচিব, বরগুনা, ব্লাস্ট রিফাত শরীফ হত্যা মামলায় জড়িত আয়েশা সিদ্দিকা মিন্নির পক্ষে আজ ২১ জুলাই, ২০১৯ জামিনের জন্য আবেদন করেন। এ সময় আদালতে ব্লাস্ট এবং আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর প্রতিনিধিসহ বরগুনা আদালতের ৩০ জন আইনজীবী উপস্থিত ছিলেন। রিফাত হত্যা মামলায় মিন্নির পক্ষে বিস্তারিত শুনানি হয়েছে, এ সম্পর্কে মাহবুবুল বারী আসলাম বলেন, যেহেতু মিন্নি এখনো রিমান্ডে ও ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন এবং রাবি- রিফাত ফরাজি দাবি করছে যে মিন্নি এর সঙ্গে জড়িত সে কারণে আদালত জামিন না মঞ্জুর করেছেন। এ বিষয়ে দ্রুত জেলা ও দায়রা জজ আদালতে ফৌজদারি মামলা দায়ের করা হবে বলে তিনি জানান।

বিভিন্ন প্রকাশিত সংবাদের ভিত্তিতে জানা যায়, মিন্নিকে যখন আদালত থেকে বের করা হচ্ছিল, তখন তাঁকে পুলিশের দুজন নারী সদস্য ধরে রেখেছিলেন। পিকআপে তোলার সময় মিন্নি কিছু একটা বলার জন্য উদ্যত হয়েছিলেন। কিন্তু পাশে থাকা নারী পুলিশ সদস্য এ সময় মিন্নির মুখ চেপে ধরেন। মিন্নির বাবা মোজাম্মেল হোসেনের দাবি, নির্যাতন ও ভয়ভীতি দেখিয়ে তাঁর মেয়ের স্বীকারোক্তিমূলক জবানবন্দি আদায় করা হয়েছে।

উল্লেখ্য যে, ২৬ জুন ২০১৯ প্রকাশ্য দিবালোকে বরগুনা সরকারি কলেজ রোডে স্ত্রী মিন্নির সামনে কুপিয়ে জখম করা হয় রিফাত শরীফকে। এ হত্যার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে দেশব্যাপী তোলপাড় শুরু হয়। হত্যাকাণ্ডের পরের দিন রিফাত শরীফের বাবা আবদুল হালিম শরীফ বরগুনা থানায় ১২ জনকে আসামি করে মামলা করেন। এ ছাড়া সন্দেহভাজন অজ্ঞাতনামা আরও চার- পাঁচজনকে আসামি করা হয়। এ মামলার প্রধান আসামি সাক্বির আহম্মেদ ওরফে নয়ন বন্ড ২ জুলাই ২০১৯ পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হন। ১৭ জুলাই ২০১৯ বুধবার বিকেলে মিন্নিকে আদালতে হাজির করে সাতদিন রিমান্ডের আবেদন করে পুলিশ। রিমাণ্ডের দ্বিতীয় দিনে ১৯ জুলাই ২০১৯ বরগুনা সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. সিরাজুল ইসলাম গাজীর আদালতে মিন্নি স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। পরে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত।

ব্লাস্ট এই ঘটনার সঠিক তদন্ত, দায়ী ব্যক্তিদের যথাযথ বিচার সহ মিন্নির পক্ষে ন্যায়বিচার এবং তার পরিবারের সার্বিক নিরাপত্তার নিশ্চয়তা প্রদানের জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা, কমিউনিকেশন স্পেশালিস্ট, ব্লাস্ট

ফোন: ০১৭১২১৪৬৯৪২

E-mail: asma@blast.org.bd